# Guidance on Support for Barking and Dagenham Residents with No Recourse to Public Funds (NRPF)

# নো রিকোর্স টু পাবলিক ফান্ড-(এনআরপিএফ) এর আওতাধীন বার্কিং এন্ড ডাগেনহ্যামের বাসিন্দাদের জন্য সহায়তার নির্দেশিকা

Bengali

এপ্রিল ২০২৩



Ultimate Counselling

Barking & Dagenham

BD COLLECTIVE

# সূচীপত্র


- স্বীকৃতি ০২
- ভূমিকা ০২
- নো রিকোর্স টু পাবলিক ফান্ড- এর অর্থ কী? ০৩
- মিথ এবং ফ্যাক্টস ০৩

মিথ ১: এনআরপিএফ-এর অধীনে থাকা লোকেরা কোনো সুবিধা পেতে পারে না। ০৩

মিথ ২: সমস্ত অভিবাসী তাদের অধিকার এবং প্রাধিকার সম্পর্কে সচেতন এবং তাদের অভিবাসন নথিতে অ্যাক্সেস থাকবে। ০৩

মিথ ৩: কেউ এনআরপিএফ-এর অধীনে থাকলে তাদেরকে সামাজিক পরিষেবা দ্বারা সহায়তা করা যায় না ০৪

মিথ ৪: এনআরপিএফ আছে এমন গর্ভবতী মহিলা যার অন্য কোনো সন্তান নেই, তার সন্তানের জন্ম না হওয়া পর্যন্ত স্থানীয় কর্তৃপক্ষ তাকে সহায়তা প্রদান করতে পারে না। ০৪

মিথ ৫: অভিবাসন স্ট্যাটাস বিহীন লোকেদের দেশে অবস্থান করা উচিত নয় এবং তাদের কোনো সহায়তা পাওয়ার অধিকার নেই। ০৫

মিথ ৬: যারা ভিসার মেয়াদ শেষ করেছেন, বা যাদের কোনো অভিবাসন স্ট্যাটাস নেই, তারা জেনেশুনে এটি করেন ০৫

মিথ ৭ – সোশ্যাল সার্ভিসের কেবল এনআরপিএফ পরিবারের শিশুকে সহায়তা করার দায়িত্ব রয়েছে, তাই শুধুমাত্র শিশুকেই তারা সাহয্য করে, পিতামাতাকে নয়। ০৫

- কারা এনআরপিএফ-এর আওতাধীন? ০৬
- কারা এনআরপিএফ-এর আওতাধীন নয়? ০৭
- নো রিকোর্স টু পাবলিক ফান্ড (এনআরপিএফ)-এর অধীন লোকেরা কী কী সামাজিক সুবিধা পেতে পারে ০৭
- অতিরিক্ত পরিষেবা যা এনআরপিএফ- এর অধীনস্থ যে কোনো অভিবাসন স্ট্যাটাসের লোকেরা পেতে পারে ০৮
  - শিশুর যত্ন ০৮
  - প্রাথমিক শিক্ষা ০৮
  - শিক্ষা ০৮
  - আরও শিক্ষা ০৮
- এনআরপিএফ-এর আওতাধীন ব্যক্তি যে সকল সামাজিক সুবিধাগুলি ভোগ করতে পারে না ০৮
- এনআরপিএফ-এর আওতাধীন বার্কিং এন্ড ডাগেনহ্যামের বাসিন্দাদের জন্য সহায়তা সুবিধা ০৯
- রিসোর্স ১১

# স্বীকৃতি

আলটিমেট কাউন্সেলিং ধন্যবাদ জানাতে চাই বার্কিং এন্ড ডাগেনহ্যামের নো রিকোর্স টু পাবলিক ফান্ড (এনআরপিএফ)-এর আওতাধীন বাসিন্দাদের, ফ্রন্টলাইন স্টাফদের এবং স্থানীয় পরিষেবা প্রদানকারীদের যারা এই রিসোর্সের সহ-উৎপাদনে নিয়োজিত ছিলেন। এছাড়াও, আমরা আমাদের পার্টনারদের বিশেষ ধন্যবাদ জানাতে চাই যারা লন্ডন বরো অফ বার্কিং এন্ড ডাগেনহ্যাম নো রিকোর্স টু পাবলিক ফান্ডের এই অগ্রণী প্রকল্পের সফলতা নিশ্চিত করার জন্য কঠোর পরিশ্রম করেছেন, যথা:

- এপ্রিল ম্যাকইনটায়ার – বিডি_কালেকটিভ এর সভাপতি
- কেভিন মাকাম্বে - হেড অফ সার্ভিসেস, কমিউনিটি সলিউশনস এবং ট্রায়াজ, লন্ডন বরো অফ বার্কিং এন্ড ডাগেনহ্যাম
- সোফি কিনলিসাইড - স্ট্র্যাটেজি এবং প্রোগ্রাম অফিসার, জনস্বাস্থ্য, লন্ডন বরো অফ বার্কিং এন্ড ডাগেনহ্যাম

# ভূমিকা

এই নির্দেশিকাটি  বার্কিং এন্ড ডাগেনহ্যামের নো রিকোর্স টু পাবলিক ফান্ড (এনআরপিএফ)-এর আওতাধীন বাসিন্দাদের দ্বারা অভিজ্ঞ স্বাস্থ্য বৈষম্যগুলি সমাধান করার জন্য পরিচালিত কাজের পরিপ্রেক্ষিতে তৈরি হয়েছে।

এনআরপিএফ-বিধিনিষেধগুলি EU-এর নাগরিকদের সহ বিভিন্ন অভিবাসীদের জন্য প্রযোজ্য যারা যুক্তরাজ্যের নতুন পয়েন্ট-ভিত্তিক অভিবাসন ব্যবস্থার অংশ হিসাবে অভিবাসন নিয়ন্ত্রণের অধীন, এছাড়াও এনআরপিএফ-এর কিছু লোক অন্যদের তুলনায় বেশি ঝুঁকিপূর্ণ, উদাহরণস্বরূপ, কারও কাজ করার অধিকার আছে এবং অন্যদের নেই, কিছু গর্ভবতী মায়েরা গর্ভধারণ-সম্পর্কিত নয় এমন জটিল সমস্যাগুলিরও সম্মুখীন হয়ে থাকেন।

এই  নির্দেশিকাটির লক্ষ্য হলো পাবলিক ফান্ডের কোনো আশ্রয় নেই এমন বাসিন্দাদের জন্য সংবিধিবদ্ধ অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং বিধিবদ্ধ, বিশ্বাস-ভিত্তিক, এবং স্বেচ্ছাসেবী, কমিউনিটি ও সামাজিক উদ্যোগ (VCSE) পরিষেবাগুলিতে অ্যাক্সেস উন্নত করা। এটি ব্যক্তি এবং পরিবারের পাশাপাশি বৃহত্তর সম্প্রদায়ের মধ্যে সহনশীলতা বৃদ্ধি করবে।

# 'নো রিকোর্স টু পাবলিক ফান্ড' (এনআরপিএফ)-এর অর্থ কী?

অভিবাসন এবং আশ্রয় আইন ১৯৯৯-এর ধারা ১১৫-এ সংজ্ঞায়িত হয়েছে - একজন ব্যক্তি যখন 'অভিবাসন নিয়ন্ত্রণের অধীন' হয় তখন সে নো রিকোর্স টু পাবলিক ফান্ড (এনআরপিএফ) এর আওতাধীন হয়।

অর্থাৎ সে জনসাধারণ তহবিল(পাবলিক ফান্ড) থেকে কোনো সহায়তা পাওয়ার মতো অবস্থানে থাকে না।

'পাবলিক ফান্ড'-এই বিষয়টি ইমিগ্রেশন বিধি এবং হোম অফিসে নির্ধারিত সুবিধা এবং পরিষেবাগুলির একটি সংজ্ঞায়িত তালিকার মধ্যে সীমাবদ্ধ।

অভিবাসন এবং আশ্রয় আইন ১৯৯৯ এর ধারা ১১৫ এবং অভিবাসন নিয়মের ৬ অনুচ্ছেদে তালিকাভুক্ত সুবিধা এবং পরিষেবাগুলিকে অভিবাসনের উদ্দেশ্যে পাবলিক ফান্ড হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়েছে।

এনআরপিএফ-এর আওতাধীন একজন ব্যক্তি যে সুবিধাগুলি ভোগ করতে পারে না তা পরিবর্তন সাপেক্ষ এবং সর্বশেষ তথ্য GOV.UK (www.gov.uk/browse/benefits) এ পাওয়া যেতে পারে।

# মিথ এবং ফ্যাক্টস

এই সহ-প্রযোজনা থেকে গবেষণায় দেখা গেছে যে, বেশিরভাগ ক্ষেত্রেই, এনআরপিএফ-এর লোকেরা সহায়তা চায় না এবং একইভাবে, পরিষেবা প্রদানকারীরা সহায়তা দিয়ে থাকে না। কখনও কখনও এটি একজন বাসিন্দার মাইগ্রেশন স্ট্যাটাসের সাথে সম্পর্কিত বিধিনিষেধের কারণে হয়, কিন্তু অন্য সময়ে এটি এনটাইটেলমেন্টগুলিকে ঘিরে ভুল ধারণার কারণে হয়। এই ধরনের মিথগুলো ফ্যাক্ট সহ নীচে বর্ণিত হয়েছে।

| মিথ: | ফ্যাক্ট: |
| --- | --- |
| এনআরপিএফ-এর অধীনে থাকা লোকেরা কোনো সুবিধা পেতে পারে না। | *এনআরপিএফ-এর অধীনস্থ লোকেরা নির্দিষ্ট আয়-ভিত্তিক কল্যাণ সুবিধাগুলি ভোগ করতে পারে না। তবে তাদের এখনও অনেক অন্যান্য সুবিধা এবং পরিষেবাগুলিতে অ্যাক্সেস রয়েছে, যা এই নির্দেশিকাতে বর্ণনা করা হয়েছে।* |
| সমস্ত অভিবাসী তাদের অধিকার এবং প্রাধিকার সম্পর্কে সচেতন এবং তাদের অভিবাসন নথিতে অ্যাক্সেস থাকবে। | অনেক অভিবাসী তাদের অধিকার বা প্রাধিকার সম্পর্কে সচেতন হয় না। এর কারণ হতে পারে, তারা অনেক বছর আগে এখানে এসেছে এবং তাদের কিছু নির্দিষ্ট কাগজপত্রের প্রয়োজন বলে জানানো হয়নি; যেমন- Windrush প্রজন্ম, যারা এখানে জন্মগ্রহণ করেছে, তারপর যারা নির্যাতন, আধুনিক দাসত্ব বা মানব পাচারের শিকার হয়েছে। কিছু অ-ইংরেজিভাষী EU নাগরিক; যারা UK, EU ছেড়ে যাওয়ার আগে এসেছিলেন, তারা হয়তো জানেন না যে তাদের এখন স্থায়ী স্ট্যাটাস প্রয়োজন। একইভাবে অনেক অভিবাসীর নথিপত্র ইচ্ছাকৃতভাবে তাদের পরিচিত লোকেদের দ্বারা বা বিধিবদ্ধ কর্তৃপক্ষের দ্বারা আটকে রাখা হতে পারে; অথবা আশ্রয়হীন-উন্মুক্ত স্থানে ঘুমিয়ে থাকা অবস্থায় চুরি হয়েছে। |

"আমি যখন এখানে এসেছি তখন আমাকে বলা হয়েছিল ঘরে থাকতে, কখনও বাইরে যাবেন না। আমি ঘরে থাকতে থাকতে একদিন বিরক্ত হয়ে উঠেছিলাম এবং পালিয়ে গিয়েছিলাম, আমি কাউকেই চিনতাম না বা কিছুই জানতাম না" - গৃহহীন এনআরপিএফ এর অধীন বাসিন্দা

মিথ:

কেউ এনআরপিএফ-এর অধীনে থাকলে তাদেরকে সামাজিক পরিষেবা দ্বারা সহায়তা করা যায় না

ফ্যাক্ট:

সোশ্যাল সার্ভিসের সহায়তা অভিবাসনের উদ্দেশ্যে কোনো পাবলিক ফান্ড নয় এবং স্থানীয় কর্তৃপক্ষের দায়িত্ব আছে যে কারো অভিবাসন অবস্থা নির্বিশেষে তার প্রয়োজন মূল্যায়ন করা। স্থানীয় কর্তৃপক্ষের প্রতিটি মামলাকে তার নিজস্ব যোগ্যতার ভিত্তিতে বিবেচনা করা উচিত, ব্যক্তি কী অর্জন করতে চায় এবং স্থানীয় কর্তৃপক্ষ যে পদক্ষেপ নিচ্ছে তা ব্যক্তির জন্য কতটা কল্যাণকর তা বিবেচনা করা উচিত।

কেয়ার অ্যাক্ট ২০১৪-এর ধারা ১ অনুসারে, স্থানীয় কর্তৃপক্ষগুলিকে অবশ্যই একজন ব্যক্তির বিষয়ে তাদের যত্ন এবং সহায়তার কার্য সম্পাদন করার সময় তার মঙ্গলের দিকে খেয়াল রাখতে হবে। এটিকে কখনও কখনও 'কল্যাণকর নীতি' হিসাবে উল্লেখ করা যেতে পারে কারণ এটি একটি নির্দেশক নীতি যা যত্ন এবং সমর্থনের কেন্দ্রস্থলে ব্যক্তির কল্যাণকে প্রাধান্য দেয়। এছাড়াও চিলড্রেনস অ্যাক্টের অধীনে, স্থানীয় কর্তৃপক্ষের দায়িত্ব রয়েছে শিশুদের যত্ন এবং সহায়তা প্রদান করা, এটি এনআরপিএফ-এর অধীনে থাকা পিতামাতার সন্তানদের ক্ষেত্রেও প্রযোজ্য।

"আমি জিজ্ঞাসা করতেও যাই না, কারণ আমি পাবলিক ফান্ডের অধিকারী নই এবং জানিই যে পাবো না" - এনআরপিএফ-এর অধীন কোনো সন্তানহীন একক ব্যক্তি

মিথ:

এনআরপিএফ আছে এমন গর্ভবতী মহিলা যার অন্য কোনো সন্তান নেই, তার সন্তানের জন্ম না হওয়া পর্যন্ত স্থানীয় কর্তৃপক্ষ তাকে সহায়তা প্রদান করতে পারে না।

ফ্যাক্ট:

*এনআরপিএফ-এর অধীনে থাকা গর্ভবতী মহিলার যত্ন এবং সহায়তার প্রয়োজন আছে কি-না তা স্থানীয় কর্তৃপক্ষকে বিবেচনা করতে হবে। গর্ভবতী মায়েরা যাদের কোনো সন্তান নেই, যারা নিঃস্ব থাকে এবং গর্ভাবস্থা সম্পর্কিত ব্যতীত অন্য কোনো যত্ন ও সহায়তার প্রয়োজন নেই তাদের কেয়ার অ্যাক্টের ধারা ১৯(১) এর অধীনে আনার ব্যবস্থা করা যেতে পারে। ধারা ১৯(৩) এর অধীনে একটি ক্ষমতা অন্যান্য প্রয়োজন মূল্যায়ন করার আগে জরুরী প্রয়োজনগুলি পূরণ করার অনুমতি দেয়।*

*"গর্ভবতী মায়েদের সন্তান প্রসবের সময় তাদের খরচ বহন করতে হয়। আমি বিস্মিত যে এটি কি তাদের প্রসব এবং সন্তান জন্ম না দেওয়া পর্যন্ত সামাজিক পরিষেবার অধিকারের ক্ষেত্রে প্রযোজ্য?" – এনআরপিএফ বাসিন্দাদের সমর্থনকারী ফ্রন্টলাইন কর্মী*

# নো রিকোর্স টু পাবলিক ফান্ড (এনআরপিএফ)-এর আওতাধীন বার্কিং এন্ড ডাগেনহ্যামের বাসিন্দাদের জন্য সহায়তার নির্দেশিকা

মিথ:

অভিবাসন স্ট্যাটাস বিহীন লোকেদের দেশে অবস্থান করা উচিত নয় এবং তাদের কোনো সহায়তা পাওয়ার অধিকার নেই

ফ্যাক্ট:

লোকেদের বর্তমান অভিবাসন স্ট্যাটাস না থাকার অনেক কারণ রয়েছে এবং অনেকে সম্পূর্ণ শরণার্থী মর্যাদা ও থাকার জন্য অনির্দিষ্টকালের লিভ পাবেন। অভিবাসন স্ট্যাটাস নেই এমন ব্যক্তিদের পাবলিক সার্ভিস দ্বারা সমর্থন করা যেতে পারে যদি তারা নির্দিষ্ট যোগ্যতার মানদণ্ড পূরণ করে। তারা বিশ্বাস-ভিত্তিক এবং স্বেচ্ছাসেবী, কমিউনিটি, সামাজিক উদ্যোগ (VCSE) সংস্থাগুলির দ্বারাও সমর্থিত হতে পারে।

---

""যখন কোনো পরিষেবা ব্যবহারকারী যিনি অনিবন্ধিত তার সহায়তার প্রয়োজন হয়, তখন আমি নিশ্চিত নই যে কী করতে হবে কারণ তারা এখানে থাকার জন্য সমর্থিত নয়" – এনআরপিএফের অধীন বাসিন্দাদের সমর্থনকারী ফ্রন্টলাইন কর্মী

---

মিথ:

যারা ভিসার মেয়াদ শেষ করেছেন, বা যাদের কোনো অভিবাসন স্ট্যাটাস নেই, তারা জেনেশুনে এটি করেন

ফ্যাক্ট:

যারা তাদের ভিসার মেয়াদ অতিবাহিত করেছে বা তাদের কোনো অভিবাসন স্ট্র্যাটাস নেই তারা সবাই এই বিষয়ে সচেতন নয়। তারা Windrush প্রজন্মের সদস্য হতে পারে এবং তাদের কখনোই বলা হয়নি যে তাদের একটি নির্দিষ্ট স্ট্যাটাস দরকার। তারা ব্রেক্সিটের আগে ইইউ দেশ থেকে এসেছেন এবং সেটেলড বা প্রি-সেটেল্ড স্ট্যাটাসের জন্য আবেদন করার প্রয়োজনীয়তা সম্পর্কে জানার জন্য ইংরেজি ভাষার দক্ষতা বা সংযোগ নেই। তারা মহিলাদের বিরুদ্ধে সহিংসতা, ডোমেস্টিক ভায়োলেন্স, যৌন সহিংসতা এবং/অথবা জবরদস্তি নিয়ন্ত্রণ, মানব পাচার, আধুনিক দাসত্বের শিকার হতে পারে এবং ভিসা পুনর্নবীকরণ এবং তাদের অধিকার ও সুবিধা সম্পর্কে তাদের অপব্যবহারকারীর দ্বারা মিথ্যা বলা হতে পারে।

---

"আমার সঙ্গী আমার পাসপোর্ট লুকিয়ে রেখেছে। তিনি এত নিয়ন্ত্রক এবং আপত্তিজনক ছিলেন, আমি জানি না কোথা থেকে শুরু করবো"
- মহিলা বাসিন্দা এনআরপিএফের অধীন এবং ডোমেস্টিক ভায়োলেন্স-এর শিকার

---

মিথ:

সোশ্যাল সার্ভিসের কেবল এনআরপিএফ পরিবারের শিশুকে সহায়তা করার দায়িত্ব রয়েছে, তাই শুধুমাত্র শিশুকেই তারা সাহায্য করে, পিতামাতাকে নয়।

ফ্যাক্ট:

চিলড্রেন'স অ্যাক্ট ১৯৮৯ অনুযায়ী, পারিবারিক যোগাযোগ বজায় রাখার দায়িত্বে বলা হয়েছে যে, যদি কোনো স্থানীয় কর্তৃপক্ষ শিশুর মঙ্গলের জন্য এটি প্রয়োজনীয় বলে মনে করে তবে তাদের অবশ্যই এমন পদক্ষেপ নিতে হবে যা শিশুকে পরিবারের সাথে বসবাস করতে সক্ষম করার জন্য যুক্তিসঙ্গতভাবে বাস্তবসম্মত। শিশুর যত্ন নেওয়া বা শুধুমাত্র শিশুর একার দায়িত্ব নেওয়া কোনো সুরক্ষার উদ্বেগে উদ্ভূত পরিস্থিতির উপযুক্ত প্রতিক্রিয়া নয়। এমনটা করলে অনুচ্ছেদ ৮ ইউরোপীয় কনভেনশন হিউম্যান রাইটস (ইসিএইচআর) লঙ্ঘন করা হয়, যা মানুষের ব্যক্তিগত এবং পারিবারিক জীবনকে সম্মান করার অধিকার রক্ষা করে।

"যা ঘটছে তা নিয়ে আমি সর্বদা ভীত, কারণ আমি সাহায্য চাইলে তারা আমার সন্তানকে নিয়ে যেতে পারে যেহেতু পাবলিক ফান্ডে আমার কোনো অধিকার নেই" - একক মা এনআরপিএফের অধীন

# কারা এনআরপিএফ-এর আওতাধীন?

অভিবাসন নিয়ন্ত্রণের অধীনস্থ লোকেরা সাধারণত এনআরপিএফ-এর আওতাধীন হয়, যা তাদের নির্দিষ্ট সুবিধা এবং পরিষেবা ভোগ করতে বাধা দেয়। এটি লক্ষ রাখা গুরুত্বপূর্ণ যে পাবলিক ফান্ড এর যোগ্য নয় এমন কারো পাবলিক ফান্ড-এর দাবি তাকে নির্বাসনের ঝুঁকিতে ফেলতে পারে।
সূত্র- https://www.gov.uk/guidance/immigration-rules

এনআরপিএফ-এর অধীনস্থ ব্যক্তিদের বিভাগগুলির মধ্যে এমন ব্যক্তিদের অন্তর্ভুক্তি রয়েছে যাদের আছেঃ
- ভিজিটর হিসেবে প্রবেশের জন্য লিভ
- স্বামী/স্ত্রী হিসাবে থাকার জন্য লিভ
- ছাত্র হিসাবে থাকার জন্য লিভ
- পারিবারিক বা ব্যক্তিগত জীবনের নিয়মের অধীনে অনুমোদিত লিভ

এনআরপিএফ-এর শর্তগুলি যুক্তরাজ্যে প্রবেশ বা থাকার জন্য লিভযুক্ত ব্যক্তিদের ক্ষেত্রেও প্রযোজ্য যা রক্ষণাবেক্ষণের অঙ্গীকারসাপেক্ষ, যেমন:

- স্থায়ী অবস্থা সম্পন্ন ব্যক্তির প্রাপ্তবয়স্ক নির্ভরশীল আত্মীয় হিসাবে থাকার জন্য অনির্দিষ্টকালের লিভ (সরকারী তহবিল দাবি করার উপর পাঁচ বছরের নিষেধাজ্ঞা)
- ভিসার মেয়াদ উত্তীর্ণ
- অনথিভুক্ত অভিবাসী যার মধ্যে কিছু উইন্ডরাশ প্রজন্মের অভিবাসী এবং এমন অভিবাসী অন্তর্ভুক্ত রয়েছে যারা যুক্তরাজ্যে প্রবেশ বা থাকার অনুমতি ছাড়াই প্রবেশ করেছে
- শরণার্থী
- আপিল অধিকার শেষ (এআরই) আশ্রয়প্রার্থী, যাদের আইনে ব্যর্থ আশ্রয়প্রার্থী (এফএএস) হিসাবেও উল্লেখ করা হয় বা প্রত্যাখ্যান করা আশ্রয়প্রার্থী (আরএএস)
- ইইএ নাগরিক যারা জানুয়ারি ২০২০ এর আগে যুক্তরাজ্যে পৌঁছেছেন এবং এখনও স্থায়ী স্ট্যাটাসের জন্য আবেদন করেননি
- আধুনিক দাসত্বের শিকার যাদের যুক্তরাজ্যে পাচার করা হয়েছে এবং অভিবাসন অনুমতি পায়নি

# কারা এনআরপিএফ-এর আওতাধীন নয়?

লোকেরা সাধারণত সরকারী তহবিলে অ্যাক্সেস পায় যদি তাদের:

- প্রবেশ বা থাকার জন্য অনির্দিষ্টকালের জন্য লিভ থাকে (যদি না তাদের প্রাপ্তবয়স্ক নির্ভরশীল আত্মীয় হিসাবে এটি দেওয়া হয়)
- বাসস্থানের অধিকার থাকে
- অভিবাসন নিয়ন্ত্রণ থেকে অব্যাহতিপ্রাপ্ত হয়ে থাকে

# নো রিকোর্স টু পাবলিক ফান্ড (এনআরপিএফ)-এর অধীন লোকেরা কী কী সামাজিক সুবিধা পেতে পারে

এনআরপিএফ শর্তাবলীর অধীন একজন ব্যক্তি যে সুবিধাগুলি ভোগ করতে পারে (তাদের স্বতন্ত্র অভিবাসন স্ট্যাটাসে প্রযোজ্য শর্তাবলী সাপেক্ষে) সেগুলির মধ্যে রয়েছে:

সূত্র- https://www.gov.uk/guidance/immigration-rules

- শোক বেনিফিট
- বিধবার সুবিধা
- শোক সাপোর্ট পেমেন্ট
- নিউ স্টাইল চাকরিপ্রার্থীদের ভাতা
- কন্ট্রিবিউটরি-ভিত্তিক চাকরিপ্রার্থীদের ভাতা
- নিউ স্টাইল কর্মসংস্থান এবং সহায়তা ভাতা
- অবদান-ভিত্তিক কর্মসংস্থান এবং সহায়তা ভাতা
- অভিভাবকের ভাতা
- অক্ষমতা সুবিধা
- মাতৃত্বকালীন ভাতা
- স্ট্যাট রিটায়ারমেন্ট পেনশন
- সংবিধিবদ্ধ মাতৃত্বকালীন বেতন
- বিধিবদ্ধ অসুস্থতা বেতন (SSP)
- একক ব্যক্তি কাউন্সিল ট্যাক্স ছাড়
- আধুনিক দাসত্ব ও ভিকটিম কেয়ার চুক্তির সহায়তা

## অতিরিক্ত পরিষেবা যা এনআরপিএফ- এর অধীনস্থ যে কোনো অভিবাসন স্ট্যাটাসের লোকেরা পেতে পারে

• শিশুর যত্ন - সুবিধাবঞ্চিত প্রেক্ষাপট থেকে আসা ২ বছর বয়সী শিশুরা যাদের বাবা-মায়ের এনআরপিএফ আছে তারাও প্রতি সপ্তাহে ১৫ ঘন্টা পাওয়ার অধিকারী। আবার অভিভাবকদের তাদের স্থানীয় পরিষেবা প্রদানকারী বা স্থানীয় কর্তৃপক্ষের সাথে চেক করতে হবে যদি না তারা কর্মরত অভিভাবক হন এবং প্রতি সপ্তাহে ৩ ঘন্টা বর্ধিত শিশু যত্নের জন্য আবেদন করতে চান। আরও জানতে, https://www.gov.uk/help-with-childcare-costs/free-childcare-and-education-for-2-to-4-year-olds দেখুন

• প্রাথমিক শিক্ষা - ইংল্যান্ডের ৩-৪ বছর বয়সী সমস্ত শিশু ১৫ ঘন্টা প্রাথমিক শিক্ষার অধিকার পায় যা স্থানীয় প্রদানকারী বা তাদের স্থানীয় কর্তৃপক্ষ দ্বারা সরবরাহ করা হয়। আবেদনগুলি সরাসরি প্রদানকারী বা স্থানীয় কর্তৃপক্ষের সাথে সম্পন্ন করা যেতে পারে যদি না অভিভাবকরা সপ্তাহে ১৫ ঘন্টা বা বছরে ৫৭০ ঘন্টার সর্বজনীন সময়ের জন্য আবেদন করতে চান। শিশু মূল ধারার শিক্ষায় যোগদান করলে এই এনটাইটেলমেন্ট কেড়ে নেয়া হয়। আরও জানতে https://www.gov.uk/find-free-early-education দেখুন

• শিক্ষা - UK-এর সকল শিশু তাদের পিতামাতার অভিবাসন অবস্থা নির্বিশেষে ৫ বছর থেকে ১৬ বছর বয়স পর্যন্ত একটি রাষ্ট্রীয় স্কুলে বিনামূল্যে শিক্ষার অধিকার পায়। https://educationhub.blog.gov.uk/। উপরন্তু, এনআরপিএফ-এর অধীনে থাকা অভিভাবকদের সন্তান তাদের সর্বোচ্চ আয়ের প্রান্তিক সাপেক্ষে বিনামূল্যে স্কুলের খাবার পাওয়ার যোগ্য, যা তারা লন্ডনে বা বাইরে থাকে কি-না তার উপর নির্ভর কোরে গণনা করা হয়। আরও জানতে https://www.gov.uk/government/publications/free-school-meals-guidance-for-schools-and-local-authorities দেখুন

• আরও শিক্ষা - যদিও ১৬ বছর বা তার বেশি বয়সী এনআরপিএফএর অধীন যে কেউ লেভেল 2 কলেজের কোর্স এবং ইংরেজি হিসাবে দ্বিতীয় ভাষা (ESOL) কোর্স বিনামূল্যে করতে পারবে। তবুও, এটি সর্বদা আপনার স্থানীয় কলেজ বা প্রশিক্ষণ প্রদানকারীর সাথে চেক করার পরামর্শ দেওয়া হয়ে থাকে।

# এনআরপিএফ-এর আওতাধীন ব্যক্তি যে সকল সামাজিক সুবিধাগুলি ভোগ করতে পারে না

বর্তমানে, এনআরপিএফ সহ একজন ব্যক্তি নিম্নলিখিত সামাজিক সুবিধাগুলি ভোগ করতে পারে না, কারণ সেগুলিকে পাবলিক ফান্ড হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়:
সূত্র - https://www.gov.uk/government/publications/public-funds

- উপস্থিতি ভাতা
- কেয়ারারের ভাতা
- চাইল্ড বেনিফিট
- চাইল্ড ট্যাক্স ক্রেডিট
- কাউন্সিল ট্যাক্স বেনিফিট
- কাউন্সিল ট্যাক্স হ্রাস (কখনও কখনও কাউন্সিল ট্যাক্স সমর্থন বলা হয়)
- বিবেচনামূলক কল্যাণ অর্থপ্রদান (স্থানীয়তা আইন ২০১১-এর ধারা ১ এর অধীনে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শুধুমাত্র ইংল্যান্ডের বিবেচনামূলক সহায়তা প্রদান)
- প্রতিবন্ধী জীবন ভাতা
- আবাসন সুবিধা
- আয়-ভিত্তিক কর্মসংস্থান এবং সহায়তা ভাতা (অবদান-ভিত্তিক কর্মসংস্থান এবং সহায়তা ভাতা নয়, যা 'নিউ স্টাইল' কর্মসংস্থান এবং সহায়তা ভাতা হিসাবেও পরিচিত)
- আয়-ভিত্তিক চাকরিপ্রার্থীদের ভাতা (অবদান-ভিত্তিক চাকরিপ্রার্থীদের ভাতা নয়, যা 'নিউ স্টাইল' চাকরিপ্রার্থীদের ভাতা হিসাবেও পরিচিত)
- আয় সহায়তা
- ব্যক্তিগত স্বাধীনতা পেমেন্ট
- গুরুতর অক্ষমতা ভাতা
- রাষ্ট্রীয় পেনশন ক্রেডিট
- সর্বজনীন ক্রেডিট
- ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট

# এনআরপিএফ-এর আওতাধীন বার্কিং এন্ড ডাগেনহ্যামের বাসিন্দাদের জন্য সহায়তা সুবিধা

- এনআরপিএফ-এর আওতাধীন বাসিন্দাদের সহায়তা করার সময় ফ্রন্টলাইন কর্মীদের দ্বারা প্রয়োগ করা পদ্ধতি নির্ভর করে; তারা একটি বিধিবদ্ধ পরিষেবা, স্বেচ্ছাসেবী, কমিউনিটি, সামাজিক উদ্যোগ (VSCE) না-কি বিশ্বাস-ভিত্তিক সংস্থা তার উপর।

- যদিও স্থানীয় কর্তৃপক্ষ যতটা সম্ভব সহায়তা প্রদান কোরবে, ফ্রন্টলাইন কর্মীরা শুধুমাত্র তখনই সহায়তা দিতে পারে যদি একজন ব্যক্তি তার অনুসন্ধিত সুবিধা বা পরিষেবার জন্য নির্দিষ্ট শর্ত এবং যোগ্যতার মানদণ্ড পূরণ করে। যাইহোক, তাদের দায়িত্ব রয়েছে একজন ব্যক্তির চাহিদা মূল্যায়ন করার যার মাধ্যমে তারা সহায়তা করতে পারে, সাইন-পোস্ট করতে পারে বা সবচেয়ে উপযুক্ত স্থানীয় পরিষেবা প্রদানকারীর কাছে রেফারেল করতে পারে।

- ন্যাশনাল হেলথ সার্ভিস (NHS) দ্বারা প্রদত্ত কিছু পরিষেবা, অভিবাসনের উদ্দেশ্যে পাবলিক ফান্ড নয়। উদাহরণস্বরূপ, UK-এর প্রত্যেকেই বিনামূল্যে টিকাদান, NHS হেলদি স্টার্ট প্লাস প্রাথমিক যত্ন পরিষেবাগুলি ভোগ করতে পারে। এর মধ্যে রয়েছে GP অনুশীলন, NHS ওয়াক-ইন সেন্টার, ডেন্টিস্ট, ফার্মাসিস্ট এবং চক্ষু বিশেষজ্ঞদের অ্যাক্সেস। যাইহোক, বয়স, আয় বা চিকিৎসা শর্তের উপর ভিত্তি কোরে কোনো ছাড় প্রযোজ্য না হলে একজন ব্যক্তির প্রেসক্রিপশন এবং দাঁতের চিকিৎসার জন্য অর্থ প্রদান করতে হতে পারে। এটিও লক্ষণীয় যে হাসপাতালের চিকিৎসা এবং সেকেন্ডারি কেয়ার অ্যাক্সেস চাওয়া চিকিৎসার প্রকৃতি একজনের অভিবাসন স্ট্যাটাসের উপর নির্ভর করে তাই এটি বিনামূল্যে নাও হতে পারে। জনস্বাস্থ্য ইংল্যান্ড চার্জযোগ্য এবং বিনামূল্যে চিকিৎসার পাশাপাশি ছাড়ের বিষয়ে ব্যাপক তথ্য প্রদান করে। আরও জানতে চেক করুন
অভিবাসী স্বাস্থ্য নির্দেশিকা - (https://www.gov.uk/g overnment/collections/migrant-health-guide)

- অন্যদিকে, বিশ্বাস-ভিত্তিক এবং স্বেচ্ছাসেবী, কমিউনিটি, সামাজিক এন্টারপ্রাইজ (VCSE) সংস্থাগুলি প্রায়শই স্পেশালিস্ট পরিষেবাগুলি অফার করে যার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে তবে কেবলমাত্র এগুলোতেই সীমাবদ্ধ নয়- আইনি পরামর্শ, জাতিগত ফুড ব্যাঙ্ক, বহু-জাতিগত (BME) গ্রুপ কার্যক্রম, বিশেষ আধ্যাত্মিক ক্ষেত্রের বিশ্বাস যেমন- বৌদ্ধ ধর্ম, ইসলাম, শিখ এবং আরও বহু-জাতিগত বা ইসলামিক কাউন্সেলিং, বিভিন্ন দেশীয় রান্নার ক্লাস, ক্রিয়াকলাপ বা প্যারেন্টিং গ্রুপ এবং আরও অনেক কিছু। তারা তাদের পদ্ধতিতে বেশ নমনীয় এবং পরিবার বা অভিবাসন স্ট্যাটাস দ্বারা সীমাবদ্ধ নয়। তারা তাদের বিশেষত্বের উপর নির্ভর করে সহায়তা প্রদান করতে পারে- সাইন-পোস্ট বা সবচেয়ে উপযুক্ত স্থানীয় পরিষেবা প্রদানকারীর কাছে রেফারেল। তারা সামাজিক সুবিধাগুলি পরিচালনা করে না তবে তথ্য এবং নির্দেশিকা দিতে পারে। এই সহায়তাটি এমন লোকেদের জন্য একটি লাইফলাইন হতে পারে যারা বিধিবদ্ধ সহায়তার জন্য যোগ্য নয় এবং প্রায়শই নো রিকোর্স টু পাবলিক ফান্ড (এনআরপিএফ) সহ প্রাপ্তবয়স্কদের উপর নির্ভর করে যাদের যত্নে বা যত্নের প্রয়োজনে সন্তান নেই এবং যারা আশ্রয় সহায়তা ভোগ করতে পারে না।

- পূর্বেই উল্লেখ করা হয়েছে, এই নির্দেশিকাটি বার্কিং এন্ড ডাগেনহ্যামের বাসিন্দাদের সহায়তা করে এমন স্থানীয় পরিষেবাগুলির তথ্যও প্রদান করে; নীচে বর্ণিত স্থানীয় পরিষেবাগুলি বর্তমানে বার্কিং এন্ড ডাগেনহ্যামের নো রিকোর্স টু পাবলিক ফান্ড এর আওতাধীন বাসিন্দাদের সহায়তা প্রদান করে থাকে।

# Resources(রিসোর্স)

## Immigration Support Services(ইমিগ্রেশন সাপোর্ট সার্ভিসেস)

Ultimate Counselling(আলটিমেট কাউন্সেলিং)
Room F03, First Floor, Dagenham Learning Centre (Dagenham Library, 1 Church Elm Lane, Dagenham) RM10 9QS
Phone(ফোন): 0208 594 1514
Email(ইমেইল): referrals@ucts.org.uk / therapy@ucts.org.uk

## No Recourse to Public Funds Team(নো রিকোর্স টু পাবলিক ফান্ড টিম)

Community Solutions(কমিউনিটি সলিউশনস)
London Borough of Barking and Dagenham Barking Town Hall, Barking, IG11 7LU
Email(ইমেইল): nrpf@lbbd.gov.uk

## Children and Youth Community Services(চিলড্রেন এন্ড ইয়্যুথ কমিউনিটি সার্ভিসেস)

John Smith House(জন স্মিথ হাউজ)
Bevan Avenue, Barking IG11 9LL
Phone(ফোন): 0203 288 2228 /07958 956 417
ওয়েবসাইট - www.futuremc.org.uk

## Sexual Health(সেক্সুয়াল হেলথ)

Sexual Health Services(সেক্সুয়াল হেলথ সার্ভিসেস)
Barking Community Hospital(বার্কিং কমিউনিটি হসপিটাল)
Outpatient East, Hospital, Upney Ln, Barking IG11 9LX
Phone(ফোন): 020 8970 5724

## Women and Girls(নারী ও মেয়েরা)

EXCEL Women's Centre(এক্সেল উইমেন'স সেন্টার)
13 London Road Barking IG11 8AA
Phone(ফোন): 0208 594 3730
Email(ইমেইল): info@excelwomenscentre.org.uk

# Resources(রিসোর্স)

## Immigrant Men's Activities(ইমিগ্রেন্ট মেন'স এক্টিভিটিস)

Ultimate Counselling(আলটিমেট কাউন্সেলিং)
Room F03, First Floor, Dagenham Learning Centre (Dagenham Library, 1 Church Elm Lane, Dagenham RM10 9QS
Phone(ফোন): 0208 594 1514
Email(ইমেইল): referrals@ucts.org.uk/ therapy@ucts.org.uk

## Immigration Legal Advice(ইমিগ্রেন্ট লিগ্যাল এডভাইস)

Ultimate Counselling(আলটিমেট কাউন্সেলিং)
Room F03, First Floor, Dagenham Learning Centre (Dagenham Library, 1 Church Elm Lane, Dagenham RM10 9QS
Phone(ফোন): 0208 594 1514
Email(ইমেইল): referrals@ucts.org.uk/ therapy@ucts.org.uk

## Domestic and Sexual Abuse(ডোমেস্টিক এন্ড সেক্সুয়াল এবিউজ)

Refuge(রিফিউজি)
Barking and Dagenham Domestic and Sexual Abuse Service(বার্কিং এন্ড ডাগেনহ্যাম ডোমেস্টিক এন্ড সেক্সুয়াল এবিউজ সার্ভিস)
Phone(ফোন): 0300 456 0174
Mobile(মোবাইল): 07971 548705
Email(ইমেইল):BDAdvocacy@org.uk
ওয়েবসাইট - [www.refuge.org.uk](http://www.refuge.org.uk)

## Maternity and Infant Care(মাতৃত্ব এবং শিশু যত্ন)

Perinatal Parent – Infant Services(প্রসবকালীন পিতামাতা - শিশু পরিষেবা)
NELFT NHS Foundation Trust Barley Court Goodmayes Hospital
Barley Lane Ilford, IG38XJ
Phone(ফোন): 0300 555 1119Ext 68509

# Resources(রিসোর্স)

## Children Centers(চিলড্রেন সেন্টারস)

Becontree Community Hub
Stevens Road, Dagenham, RM8 2QR
Phone(ফোন): 020 8724 1830
Email(ইমেইল): becontreechildrenscentre@lbbd.gov.uk

Gascoigne Children's Centre
Gascoigne Community Centre, 160 – 164 Ripple Road, Barking IG11 7PR
Email(ইমেইল): gascoignechildrenscentre@lbbd.gov.uk

Heath Community Hub (previously William Bellamy)
Frizlands Lane, Dagenham, RM10 7HX
Phone(ফোন):020 8724 1924
Email(ইমেইল): heathcommunityhub@lbbd.gov.uk

Marks Gate Community Hub
Rose Lane, Marks Gate, RM6 5NR,
Phone(ফোন):020 8270 4165
Email(ইমেইল): marksgatecommunityhub@lbbd.gov.uk

Thames Community Hub (previously Sue Bramley)
Bastable Avenue, Barking, IG11 0LG,
Phone(ফোন):020 8270 6619
Email(ইমেইল): thamescommunityhub@lbbd.gov.uk

Village Community Hub (previously Leys Children's Centre)
215 Wellington Drive, Dagenham, RM10 9XW.
Phone(ফোন):020 8724 1983
Email(ইমেইল): leyschildrenscentre@lbbd.gov.uk

Sue Bramley Community Hub
Phone(ফোন):: 0208724 1983
Email(ইমেইল): children's centers@lbbd.gov.uk

# Resources(রিসোর্স)

## Education and Training(শিক্ষা ও প্রশিক্ষণ)

Barking and Dagenham College,
Dagenham Road
Romford
RM7 0XU
Phone(ফোন): 020 8090 3020

Adult College of Barking and Dagenham
Adult Education 127 Ripple Rd, Barking IG11 7PB
Phone(ফোন): 020 8270 4722

## Social and Community activities(সোশ্যাল এন্ড কমিউনিটি একটিভিটিস)

Green Shoes Arts
Chadwell Heath Community Centre 255 High Road Chadwell Heath RM6 6AS
Phone(ফোন): 020 3720 2296
Email(ইমেইল):david@greenshoesarts.com
ওয়েবসাইট - www.greenshoesarts.com

Lifeline Community Resources
163 Bennett's Castle Lane Dagenham Essex RM8 3YJ
Phone(ফোন): 0208 227 1927
Email(ইমেইল): info@communityresources.co.uk

Company Drinks Pavilion
Outdoor Bowls Pavilion Barking Park Longbridge Road Barking IG11 8TA
Email(ইমেইল): contact@companydrinks.info

# Resources(রিসোর্স)

## Food banks(ফুড ব্যাঙ্কস)

The Source
Barking Learning Centre 2, Town Square.Barking, IG11 7NB
Open week days only (11.30-1.30)
37A, Vicarage Field Shopping Centre Barking, G11 8DH
Open week days only (10.00-4.00)
Tel(টেলিফোন): 020 8594 2404
Email(ইমেইল): thesourcebarking@gmail.com

Marks Gate Relief Project
Rose Lane, Marks Gate, RM6 5NR
ওয়েবসাইট - www.mgrp.org.uk

HumDum
Address: 121-125 Ripple Road, Barking I G11 7FN
Email(ইমেইল): Info@humdum.org
Tel(টেলিফোন): 07917 454 786

Barking Learning Centre (BLC) Community Food Hub
2 Town Square, Barking, IG11 7NB,
Phone(ফোন): 020 8724 8725 and 020 8724
8722,
Email(ইমেইল): cfc.blc@lbbd.gov.uk

Dagenham Library Community Food Hub
1 Church Elm Lane, Dagenham, RM10 9QS,
Phone(ফোন): 020 8227 3942,
Email(ইমেইল): cfc.dagenham@lbbd.gov.uk

Heath Community Food Hub (previously William Bellamy)
Frizlands Lane, Dagenham, RM10 7HX,
Phone(ফোন): 020 8724 1924,
Email(ইমেইল): cfc.h@lbbd.gov.uk

# Resources(রিসোর্স)

Marks Gate Community Food Hub
Rose Lane, Marks Gate, RM6 5NR,
Phone(ফোন): 020 8270 4165,
Emai(ইমেইল): cfc.mg@lbbd.gov.uk

Thames Community Food Hub (previously Sue Bramley)
Bastable Avenue, Barking, IG11 0LG
Phone(ফোন): 020 8270 6619
Email(ইমেইল): cfc.t@lbbd.gov.uk

## Faith Organizations(ফেইথ অর্গানাইজ্যাশনস)

Al Madina Mosque Barking
2 Victoria Road, Barking, Essex, IG11 8PY,
Phone(ফোন): 020 8478 8526

Kingsley Hall Church Parsloes Avenue, Dagenham, Essex, RM9 5NB
Phone(ফোন): 020 8592 1708
Email(ইমেইল): info@khccc.com

St Margaret's Parish Church, Barking
The Broadway, North St, Barking IG11 8AS
Phone(ফোন): 020 8594 2932
Email(ইমেইল): office@stmargaretschurchbarking.com

Great Commission Church
102 Longbridge Road, Barking IG11 8SF
Phone(ফোন): 07485 226 869
Email(ইমেইল): admin@gcmuk.org

Gurdwara Singh Sabha London East
100 North Street Barking IG11 8JD
Phone(ফোন): 020 8594 3940

# Resources(রিসোর্স)

## English Language Support Services(ইংরেজি ভাষা সহায়তা পরিষেবা)

EXCEL Women's Centre
13 London Road Barking IG11 8AA
Phone(ফোন): 0208 594 3730
Email(ইমেইল): info@excelwomenscentre.org.uk

Barking and Dagenham College,
Dagenham Road Romford RM7 0XU
Phone(ফোন): 020 8090 3020

Adult College of Barking and Dagenham
Adult Education 127 Ripple Rd, Barking IG11 7PB
Phone(ফোন): 020 8270 4722

## Mental Health And Wellbeing(মানসিক স্বাস্থ্য এবং সুস্থতা)

Ultimate Counselling(আলটিমেট কাউন্সেলিং)
Room F03, First Floor, Dagenham Learning Centre (Dagenham Library), 1 Church Elm Lane, Dagenham RM10 9QS
Phone(ফোন): 0208 594 1514
Email(ইমেইল): referrals@ucts.org.uk/ therapy@ucts.org.uk

Barking and Dagenham Talking Therapies
Church Elm Lane Health Centre Church Elm Lane Dagenham Essex RM10 9RR
Phone(ফোন):0300 300 1554 (ext. 3)
Email(ইমেইল): bdtalkingtherapies@nelft.nhs.

## Housing and Homelessness(আবাসন)

Housing Advice Service
London Borough of Barking and Dagenham Barking Town Hall, Barking, Essex IG11 7LU
Phone(ফোন):020 8724 8323
Email(ইমেইল): housingadviceservice@lbbd.gov.uk

# Resources(রিসোর্স)

The Salvation Army
240 Ripple Road , Barking , IG11 7DJUnited Kingdom
Phone(ফোন):0208 594 2964
Email(ইমেইল): fr@salvationarmy.org.uk

## Additional Resources(অতিরিক্ত রিসোর্স)

BD Collective directory
ওয়েবসাইট - https://bdcollective.co.uk/directory-partners/

Citizens Advice Bureau
Barking Learning Centre (Barking Library) 2 Town Square, Barking IG11 7NB
Phone(ফোন): 0808 278 7870

RAMFEL
Cardinal Heenan Centre High Road Ilford Essex IG1 1QP
Phone(ফোন): 020 7052 5212
E-mail(ইমেইল): info@ramfel.org.uk
Website(ওয়েবসাইট) :
www.ramfel.org.uk

British Red Cross
44 Moorfields, London EC2Y 9AL
Phone(ফোন): Call: 0207 704 5670
Email(ইমেইল):
LondonRU@redcross.org.uk Website:
ওয়েবসাইট -
https://www.redcross.org.uk/

Migrant Help
128 City Rd, London EC1V 2NX
Phone(ফোন): 0808 8010 503
Email(ইমেইল): S95NewApplications@migranthelpuk.org

# নো রিকোর্স টু পাবলিক ফান্ড (এনআরপিএফ)-এর আওতাধীন বার্কিং এন্ড ডাগেনহ্যামের বাসিন্দাদের জন্য সহায়তার নির্দেশিকা

এই নির্দেশিকাটি Ultimate Counselling C.I.C দ্বারা লিখিত এবং উৎপাদিত হয়েছিল। এই প্রকল্পটি স্বাস্থ্য বৈষম্য কর্মসূচির অংশ হিসাবে লন্ডন বরো অফ বার্কিং এন্ড ডাগেনহ্যাম দ্বারা অর্থায়ন করা হয়েছিল।

আলটিমেট কাউন্সেলিং একটি ব্যবহারকারী-নেতৃত্বাধীন এবং অলাভজনক সংস্থা যা লন্ডন বরো অফ বার্কিং এবং ডাগেনহ্যামে অবস্থিত। আমরা অভিবাসী সম্প্রদায়কে সম্প্রদায় ভিত্তিক মানসিক স্বাস্থ্য এবং বিস্তৃত সহায়তা পরিষেবা প্রদান করি। আমরা Dagenham Learning Center (Dagenham Library) এ অভিবাসী সহায়তা পরিষেবাও পরিচালনা করি। আমাদের সামগ্রিক এবং সাংস্কৃতিকভাবে সংবেদনশীল পদ্ধতির লক্ষ্য হলো পরিষেবা ব্যবহারকারীদের মানসিক স্বাস্থ্য, কল্যাণ, অর্থনৈতিক সুস্থতা এবং সম্প্রদায়ের একাত্মতার উন্নতি সাধন করা। আমরা সবার জন্য একই রকম পরিষেবা প্রদানে বিশ্বাস রাখি না,তাই আমাদের পরিষেবাগুলি ব্যবহারকারীদের নির্দিষ্ট চাহিদা পূরণের জন্য তৈরি করা হয়েছে। আরও জানতে, আমাদের ওয়েবসাইট দেখুন বা নীচের ঠিকানায় আমাদের সাথে যোগাযোগ করুন;

Address(ঠিকানা):

Operational: Dagenham Learning Centre (Dagenham Library), First Floor, Room F03, 1 Church Elm Lane, Dagenham, RM10 9QS

Registered: 90 Longbridge Road, Barking, IG11 8SF

Telephone(টেলিফোন): 020 8594 1514 / 07404979933

Email(ইমেইল):

General inquiries(সাধারণ অনুসন্ধান): therapy@ucts.org.uk
Referrals (রেফারেলস) – referrals@ucts.org.uk
Management and Recruitment(ম্যানেজম্যান্ট এন্ড রিক্রুটম্যান্ট): admin@ucts.org.uk

Website(ওয়েবসাইট): www.ucts.org.uk

কপিরাইট ©২০২৩ সর্বস্বত্ব সংরক্ষিত। Ultimate Counselling C.I.C এর লিখিত অনুমতি ব্যতীত এই নির্দেশিকাটির বিষয়বস্তুর কোনো অংশ পুনরুৎপাদন অথবা কোনো আকারে বা কোন উপায়ে প্রেরণ করা যাবে না